নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক আপডেট/২০২৫/২১৩৯ ০৪ মে ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেছেন, ফিলিস্তিনে ইসরায়েল যে নির্মম হত্যাযজ্ঞ চালাচ্ছে অবিলম্বে তা বন্ধ করতে হবে। আমরা এ নির্মমতার তীব্র নিন্দা জানাই। গাজায় শিশুসহ যারা নিহত হয়েছেন আল্লাহ তাঁদের শহিদ হিসেবে কবুল করুক। সোমবার (০৭ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি শহিদ মিনার প্রাঙ্গণে ফিলিস্তিনে ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে শিক্ষার্থীদের আয়োজিত সংহতি সমাবেশে একাত্মতা প্রকাশ করতে গিয়ে তিনি এসব কথা বলেন। সমাবেশে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




২. ফিলিস্তিনে ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে সংহতি সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। 'স্টপ জেনোসাইড, সেইভ গাজা' স্লোগানকে প্রতিপাদ্য করে, মঙ্গলবার (০৮ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল উপস্থিত ছিলেন।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে সপ্তাহব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ শুরু হয়েছে। বুধবার (০৯ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের কম্পিউটার ল্যাবে এ প্রশিক্ষণ শুরু হয়। "কম্পিউটার অ্যাপ্লিকেশন এন্ড মডার্ন অফিস ম্যানেজমেন্ট" শীর্ষক ওই প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, রোববার (১৩ এপ্রিল ২০২৫) বিশ্ববিদ্যালয়ের মালি ও পরিচ্ছন্নতাকর্মীদের সঙ্গে এক সভায় মিলিত হয়েছেন। এসময় তারা মালি ও পরিচ্ছন্নতাকর্মীদের ক্যাম্পাস পরিষ্কার রাখার বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। পরে সম্প্রতি অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ স্থান, ছাত্র ক্যাফেটেরিয়া ও ক্যাফেটেরিয়া সংলগ্ন স্টেশনারি দোকান পরিদর্শনে যান তারা। এ সময় তারা ক্যাফেটেরিয়ার খাবারের মান ও স্টেশনারি দোকানের মূল্যতালিকা হালনাগাদসহ সার্বিক বিষয়ে খোঁজ খবর নেন।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলা নববর্ষ-১৪৩২ উপলক্ষে বর্ণাঢ্য 'আনন্দ শোভাযাত্রা' অনুষ্ঠিত হয়েছে। শোভাযাত্রাটি সোমবার (১৪ এপ্রিল ২০২৫) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেয়।




৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আলানিয়া আলাদিন কেকুবাত (Alanya Alaaddin Keykubat University) বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে গত ১৪ এপ্রিল ২০২৫ আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. কেনান আহমেত। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান ও কো-অপারেশন সেন্টার এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ের ৩জন ভাইস রেক্টরসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের নিদে ওমর হেলিসডেমির (Nigde Omer Halisdemir University) বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার (১৭ এপ্রিল ২০২৫) নিদে ওমর হেলিসদেমির বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে নিদে ওমর হেলিসদেমির বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. হাসান উসলু।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ (Ankara Yıldırım Beyazıt Üniversitesi) বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে গত ১৮ এপ্রিল ২০২৫ আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এমওইউতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস রেক্টর অধ্যাপক ড. আব্দুল্লাহ ইয়েলদিস। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের দুইজন ভাইস রেক্টরসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। শেষে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ওই বিশ্ববিদ্যালয়ের ল্যাব, ক্লাসরুম ও গবেষণা কার্যক্রম পরিদর্শন করনে।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এবং তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের (OSTİM Teknik Üniversitesi) এর রেক্টর মুরাত ইউলেক এর মাঝে মতবিনিময় সভা ১৮ এপ্রিল ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ে উভয়ের মাঝে এ সভা অনুষ্ঠিত হয়। তারা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী একচেঞ্জ, যৌথ গবেষণা ও কনফারেন্স চালু, এনার্জি টেকনোলজি ও ইঞ্জিনিয়ারিং একচেঞ্জ, স্টাফ প্রশিক্ষণ ও টেকনিক্যাল কোলাবরেশনের বিষয়ে মতবিনিময় করেন।




১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেছেন, বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চশিক্ষায় প্রযুক্তিগত উদ্ভাবনের দ্বার উন্মোচন করে আমাদের সামনে এগিয়ে যেতে হবে। যে বাংলাদেশ আজ ২.০ তে দাঁড়িয়ে, এটাই এই সময়ের এখন সবচেয়ে বড় করণীয় কাজ। সর্বাগ্রে কাঙ্খিত দাবি। তুরস্কে ইস্তাম্বুলে আন্তর্জাতিক কনফারেন্সের প্রথম দিন শনিবার (১৯ এপ্রিল ২০২৫) অংশ নিয়ে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরও বলেন, আমাদের শিক্ষার্থীদের জুলাই পরবর্তী বাংলাদেশে তাদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন টেকনোলজি নিয়ে শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালিয়ে নিতে হবে।




১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) ৬ এবং ৮ ব্যাটালিয়ন ক্যাম্পিং ২০২৪-২৫ উপলক্ষে প্রীতিভোজ অনুষ্ঠিত হয়েছে। বিএনসিসি ময়নামতি রেজিমেন্ট এর আয়োজন করে। সোমবার (২১ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবু সঈদ আল মসউদ (এনডিসি, পিএসসি), বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) ময়নামতি রেজিমেন্টের রেজিমেন্ট কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল রাশেদুল হাসান প্রিন্স।



১২.নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পূবালী ব্যাংক পিএলসি ডিজিটাল ব্যাংকিং ক্যাম্পেইন এর উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (২২ এপ্রিল ২০২৪) নোবিপ্রবি প্রশাসনিক ভবন সংলগ্ন স্থানে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত হয়ে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন। এ সময় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, পূবালী ব্যাংক এর আঞ্চলিক প্রধান মো. হাফিজুর রহমান সর্দার, ডিজিএম স্বপ্না দাস চৌধুরী এবং এজিএম মাইজদি কোর্ট ব্রাঞ্চ মো. শামসুল আলম উপস্থিত ছিলেন।




১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজী বিভাগের আয়োজনে 'শেক্সপিয়ার ডে-২০২৫' উদযাপন করা হয়েছে। ইংরেজী নাটকের জনক উইলিয়াম শেক্সপিয়ারের জন্মদিন উপলক্ষে এ দিবস উদযাপন করা হয়। বুধবার (২৩ এপ্রিল ২০২৫) এ উপলক্ষে নোবিপ্রবি ইংরেজী বিভাগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন গণমাধ্যমকর্মীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা ও উপাচার্যের তুরস্ক সফর উপলক্ষে নোবিপ্রবি সাংবাদিকদের অংশগ্রহণে বুধবার (২৩ এপ্রিল ২০২৫) বিকাল ৫.৩০টায় উপাচার্যের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আসন্ন গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের লক্ষ্যে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে দিক-নির্দেশনামূলক সভা করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (২৩ এপ্রিল ২০২৫) বেলা ১২ টায় নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা উপলক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আসন্ন গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের লক্ষ্যে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তাদের সঙ্গে দিক-নির্দেশনামূলক সভা করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (২৩ এপ্রিল ২০২৫) বিকাল ৩ টায় নোবিপ্রবি উপাচার্য মহোদয়ের দপ্তরের সম্মেলন কক্ষে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা উপলক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) টেকসই শহরের জন্য থ্রি-ডি ন্যানোকার্বনের ভূমিকা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৩ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে "সেমিনার অন- থ্রি-ডি ন্যানো কার্বনস ফর সাসটেনেবল সিটিস: এ্যাডভান্সিং ক্লিন এনার্জি, নিউরাল ইন্টারফেস ফর হেলথ, এন্ড $CO_2$-সিকোয়েস্টার্ড কনক্রিট" শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার (২৫ এপ্রিল ২০২৫) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ 'সি' ইউনিটের ১৭০৫ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৬১৭ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৯৪.৮৪ শতাংশ।



১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'বিশ্ব মেধাসম্পদ দিবস-২০২৫' পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার (২৭ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে র‍্যালি এবং সেমিনার অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। দিবসটি উপলক্ষে এ দিন সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। পরে নোবিপ্রবি আইকিউএসি সেমিনার কক্ষে 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি রাইটস: প্রোটেকটিং ইনোভেশন ইন এ গ্লোবাল ইকোনমি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।




২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলা বিভাগের 'নবীন বরণ ও বিদায় সংবর্ধনা-২০২৫' অনুষ্ঠিত হয়েছে। স্নাতক ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের বরণ এবং স্নাতকোত্তর ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায় উপলক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (২৯ এপ্রিল ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'সোনাপুর হতে নোবিপ্রবি (বাংলাবাজার) সড়কাংশ চার লেনে উন্নীতকরণসহ বাংলাবাজার-সুবর্ণচর উপজেলা হেডকোয়ার্টার সড়ক (জেড-১৪৫১) যথাযথ মানে উন্নয়ন' শীর্ষক প্রকল্পের ডিপিপি'র এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (EIA)' প্রণয়নের নিমিত্তে স্টেকহোল্ডার মিটিং অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। প্রোসয়েল ফাউন্ডেশন কনসালটেন্ট এর আয়োজন করে। এতে সভাপতি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪